AP(DA) 4/01/26 S.A (D.M) Rafiul 04.01.26

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৩.২৫- ৩৮৭

তারিখ : ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

(বিভাগীয় মামলা নম্বর-০৩/২০২৫)

যেহেতু, জনাব মোঃ ইমরানুর রহমান (পরিচিতি নম্বর-১০৯২৩০৩৫), উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), সালথা, ফরিদপুর এর বিরুদ্ধে ভিডিও কলে ছবি ধারণপূর্বক ভিন্ন ব্যক্তির বায়োমেট্রিকস ও মিথ্যা তথ্যের সংমিশ্রণে প্রবাসে অবস্থানরত দুই ব্যক্তির জাতীয় পরিচয়পত্র (নম্বর-৫৫৭৮৮৭৬৭৩১ ও ৬৪৭৮৭১৬৯৬৯) সৃজনের অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, অভিযোগ প্রাথমিক তদন্তের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয় এবং তদন্তে বিধি বহির্ভূতভাবে জাতীয় পরিচয়পত্র সৃজনের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) অনুযায়ী 'অদক্ষতা' এবং বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০৩/২০২৫ রুজু করতঃ অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর লিখিত জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; ০৯.০৩.২০২৫ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করেন; শুনানি অন্তে ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়; তদন্ত কর্মকর্তা জনাব খোরশেদ আলম, উপসচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয় প্রদত্ত তদন্ত প্রতিবেদনে ঘটনা অকাট্যভাবে প্রমাণিত না হওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তিদ্বয়ের এনআইডি, পাসপোর্ট ও ইমিগ্রেশন রেকর্ড বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য পুনঃতদন্তের আদেশ হয়;

যেহেতু, পুনঃতদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন যে, অভিযুক্ত একজন নবীন কর্মকর্তা, এনআইডি সার্ভিস প্রদানে তিনি ডাটা এন্ট্রি অপারেটর এর উপর নির্ভরশীল হয়ে পড়েন এবং এই সুযোগে ডাটা এন্ট্রি অপারেটর এহেন অপরাধ সংঘটন করেন;

যেহেতু, স্বীয় দায়িত্ব পালনে অধঃস্তনদের উপর নির্ভরশীল থাকা কর্মকর্তার নিকট কাম্য নয়; অভিযুক্ত কর্মকর্তার অধঃস্তনদের আরও নিয়ন্ত্রণে রাখা উচিৎ ছিল যা তিনি করেননি–এই বিষয়টি বিবেচনায় নিয়ে তাকে 'তিরস্কার' দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ইমরানুর রহমান (পরিচিতি নম্বর-১০৯২৩০৩৫), উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), সালথা, ফরিদপুর-কে 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দন্ড প্রদান করে অত্র বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। একই সাথে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষর) ৪/১/২৬
আখতার আহমেদ
সিনিয়র সচিব

স্মারক নম্বর-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৩.২৫- ৩৮৭

তারিখ : ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব..........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর।
০৭। উপসচিব ................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ফরিদপুর।
০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
১০। চিফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা।
১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
১৩-১৬। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)।
১৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮। উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফরিদপুর।
২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে রেকর্ড সংরক্ষণের অনুরোধসহ)।
২১। জনাব মোঃ ইমরানুর রহমান (১০৯২৩০৩৫), উপজেলা নির্বাচন কর্মকর্তা, সালথা, ফরিদপুর।
২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সালথা, ফরিদপুর।

মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)